



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

অতীব জরুরি




স্মারক নং-৩৮.০১.০০.০০০০.১৪৩.১১.০০২.২২- ৬৪৮

তারিখ: ০৭ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
২১ জুন ২০২২ খ্রিস্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ ২০২০-এর লিখিত পরীক্ষা গ্রহণ শেষে ইতোমধ্যে সকল ধাপের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। ১ম ধাপে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা ১২ জুন ২০২২ তারিখ থেকে এবং ২য় ধাপে লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা ১৯ জুন ২০২২ তারিখ থেকে শুরু হয়েছে। ৩য় ধাপের লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ৩ জুলাই থেকে গ্রহণ করা হবে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, 'সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯' অনুসরণপূর্বক সম্পূর্ণ স্বচ্ছতা ও নিরপেক্ষতার সাথে সহকারী শিক্ষক নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। চূড়ান্ত ফলাফলে প্রতিটি উপজেলা/শিক্ষা থানার জন্য নিয়োগযোগ্য প্রার্থীদের তালিকা ব্যতীত কোন অপেক্ষমান তালিকা/প্যানেল প্রস্তুত করা হবে না। মৌখিক পরীক্ষার ২০ নম্বরের মধ্যে ১০ নম্বর এসএসসি, এইচএসসি ও স্নাতক শ্রেণির শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে নির্ধারিত হবে। অবশিষ্ট ১০ নম্বরের উপর প্রার্থীর ব্যক্তিত্ব, প্রকাশ ক্ষমতা, সাধারণ জ্ঞান ও সাংস্কৃতিক কর্মকাণ্ড যাচাইপূর্বক ইন্টারভিউ বোর্ড নম্বর প্রদান করবে। **উত্তরপত্র মূল্যায়নসহ ফলাফল প্রস্তুতের যাবতীয় কাজ সফটওয়্যারের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে করা হয়। এক্ষেত্রে কোন ধরনের অবৈধ হস্তক্ষেপের কোন সুযোগ নেই।** এমতাবস্থায়, দালাল বা প্রতারক চক্রের প্রলোভনে প্রলুদ্ধ হয়ে কোন প্রকার অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। অর্থ লেনদেন বা অন্য কোন অনৈতিক উপায়ে প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পাবার কোন সুযোগ নেই। মেধা ও যোগ্যতার ভিত্তিতেই চাকরি হবে। কেউ অর্থের বিনিময়ে চাকরি দেয়ার প্রলোভন দেখালে তাকে নিকটস্থ থানায় সোপর্দ করা অথবা গোয়েন্দা সংস্থাকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।


(সোহেল আহমেদ)

মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৫৫০৭৪৯০৪

ই মেইল: adgdpe@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন ও পরিবীক্ষণ ইউনিট/উপনুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ)।
৩. বিভাগীয় কমিশনার (সকল)।
৪. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৫. পরিচালক (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (সতর্কীকরণ বিজ্ঞপ্তিটি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. জেলা প্রশাসক (সকল)।
৭. পুলিশ সুপার (সকল)।
৮. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
১০. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিষয়টি সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারের জন্য অনুরোধ করা হলো)